



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
www.rbi.org.in

আরবিআই/২০১১-১২/৫১৩

ডিসিএসএস(সিও)ইসিপিডি নং. ১৯১৮/০৪.০৩.০১/২০১১-১২

এপ্রিল ১৮, ২০১২

সভাপতি এবং পরিচালন অধিকর্তা / মুখ্য নির্বাহী আধিকারিক

সমস্ত ইসিএস-এ অংশগ্রহণকারী সদস্য-ব্যাঙ্কসমূহ

মহাশয়া / প্রিয় মহাশয়,

ব্যাঙ্কগুলি কর্তৃক ইসিএস (ডেবিট) আদেশ নির্বাহ প্রক্রিয়া – পদ্ধতি সংক্রান্ত নির্দেশাবলি পালন করা

দেশের বহু কেন্দ্রে বিপুল পরিমাণের অর্থপ্রদান বা অর্থ গ্রহণের ক্ষেত্রে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক ১৯৯৪ সালে চালু করা বৈদ্যুতিন নিকাসী পরিষেবা (ইসিএস) এখন ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে। ইসিএস (ডেবিট) ব্যবস্থা চালু করা হয়েছিল চেক ইত্যাদির মতো কাগজের লেখ্য-এর প্রচলন অপসারিত করে প্রয়োজনীয় বিলের পরিশোধ, বিমা কিস্তি, কার্ড-এর অর্থপ্রদান, ঋণ পরিশোধ ইত্যাদির জন্য একটি বিকল্প বৈদ্যুতিন অর্থপ্রদান ব্যবস্থা প্রদান করার লক্ষ্যে। এর দ্বারা ব্যাঙ্ক / কোম্পানি / কর্পোরেশন / সরকারি বিভাগসমূহ, যারা অর্থ আদায় / গ্রহণ করে থাকে তাদের গ্রাহক পরিষেবাকে আরও উন্নত করা যাবে। ইসিএস (ডেবিট) পদ্ধতি সংক্রান্ত নির্দেশাবলি এই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত সমস্ত পক্ষের জন্য একটি অনুসরণীয় পদ্ধতি প্রস্তাবিত করে।

ইসিএস (ডেবিট) ব্যবস্থা উদ্ভিষ্ট একাউন্টধারী কর্তৃক প্রয়োগকারী ব্যাঙ্কে প্রদত্ত অর্থপ্রদান করার আদেশের বলে কার্যকরী হয়। উদ্ভিষ্ট ব্যাঙ্ক-শাখা তাদের গ্রাহকগণ দ্বারা নিষ্পাদিত আদেশ এবং তাতে উল্লেখিত পরিমাণ, সময়সীমা, পৌনঃপুনিকতার হারের ভিত্তিতে তাদের একাউন্ট থেকে অর্থ ডেবিট করতে পারে। তদুপরি, প্রয়োগকারী ব্যাঙ্কে কোনও রকমভাবে লিপ্ত না করেই একাউন্টধারক / গ্রাহকগণ-এর তাঁদের আদেশ / ইসিএস ডেবিট নির্দেশ তুলে নেওয়ার অধিকার আছে। উপরোক্ত সুরক্ষাব্যবস্থা গ্রাহকগণের স্বার্থরক্ষার খাতিরে এবং এই প্রক্রিয়াকে সুগম করার জন্যই রাখা হয়েছে।

তবুও দেখা যাচ্ছে যে ব্যাঙ্কগুলি এই সমস্ত নির্দেশসমূহ প্রত্যাশা মতো মেনে চলছে না এবং যার ফলে গ্রাহক পরিষেবা সন্তোষজনক হচ্ছে না। বিশেষ করে দেখা যাচ্ছে যে ব্যাঙ্কগুলি নির্দেশাবলিতে প্রদত্ত অনুযায়ী গ্রাহক কর্তৃক আদেশ অপসারণের নির্দেশ স্বীকার করছে না। এতদনুসারে, ব্যাঙ্কগুলিকে আরেকবার নিম্নোক্ত নির্দেশগুলি মেনে চলার জন্য বলা হচ্ছে:

- I. গ্রাহক কর্তৃক নিষ্পাদিত সমস্ত ডেবিট আদেশ যা তাঁর একাউন্ট থেকে ডেবিট করার অধিকার প্রদান করে থাকে, সেগুলিকে উদ্ভিষ্ট ব্যাঙ্ক দ্বারা প্রামাণীকৃত করে মজুত রাখতে হবে। বৈধ আদেশের ভিত্তিতেই গ্রাহকের একাউন্ট থেকে কোনও অর্থ ডেবিট করা যাবে। যদি এধরনের কোনও আদেশ তাদের নিকট নথিভুক্ত না থাকে তবে ব্যাঙ্ক গ্রাহকের একাউন্ট থেকে ডেবিট করার অধিকারপ্রাপ্ত নয়।
- II. একাউন্টধারীকে এই সুবিধা দিতে হবে যাতে তাঁরা প্রতিটি লেনদেনের ক্ষেত্রে আদেশে একটি উর্ধ্বসীমা নির্দিষ্ট করতে পারেন এবং/অথবা চূড়ান্ত প্রয়োগকারী/উদ্ভিষ্ট ব্যাঙ্কের দ্বারা একটি বিশেষ ইসিএস আদেশ-এর কার্য-কাল (আদেশের আয়ু) নির্ধারিত করতে পারেন। গ্রাহকের একাউন্ট থেকে ডেবিট গ্রাহক দ্বারা প্রস্তাবিত এই পরিমাণ এবং সময়সীমার মধ্যে করতে হবে।
- III. গ্রাহক কর্তৃক যে কোনও আদেশ অপসারণের নির্দেশ উদ্ভিষ্ট ব্যাঙ্কে মেনে নিতে হবে এবং তার জন্য গ্রাহককে উপকৃত প্রয়োগকারী সংস্থার থেকে পূর্ব স্বীকৃতি/অনুমোদন আনতে হবে না এবং এটিকে চেক নিকাসী ব্যবস্থায় “অর্থপ্রদান বন্ধ করুন” নির্দেশের মর্যাদা দিতে হবে। এই ধরনের আদেশ অপসারণের নির্দেশ পাওয়ার পর গ্রাহকের একাউন্ট থেকে কোনও রকমের ডেবিট করার অনুমতি থাকবে না। একটি একাউন্টে অনেকগুলি আদেশ থাকার সম্ভাবনা নজরে রেখে ব্যাঙ্কের খুব যত্ন সহকারে সঠিক আদেশ অপসারণ কার্যকর করতে হবে।

দয়া করে প্রাস্তিস্বীকার এবং নির্দেশ পালন সুনিশ্চিত করবেন।

আপনার বিশ্বস্ত

(বিজয় চুগ)

মুখ্য মহাপ্রবন্ধক